



শিক্ষা নিয়ে গড়ব দেশ
শেখ হাসিনার বাংলাদেশ

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
জাতীয় শিক্ষা ব্যবস্থাপনা একাডেমি (নায়েম)
মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ
শিক্ষা মন্ত্রণালয়
নায়েম রোড, ধানমন্ডি, ঢাকা-১২০৫
www.naem.gov.bd



নং-৩৭.০৪.২৬৬৩.৪০২.১৭.০০১.১৫- ২৫৭২ (৫)

তারিখ: ১২.০১.১৪৩০৭
২৫.০৪.২০২৩খ্রি.

বিষয়: কোর্সের কার্যক্রম নায়েম ট্রেনিং ম্যানেজমেন্ট সিস্টেম সফটওয়্যারে বাস্তবায়ন।

উপর্যুক্ত বিষয়ে জানানো যাচ্ছে, জাতীয় শিক্ষা ব্যবস্থাপনা একাডেমি (নায়েম)-এর ট্রেনিং ম্যানেজমেন্ট সিস্টেম সফটওয়্যার তৈরির কার্যক্রম প্রায় সম্পন্ন হয়েছে। উক্ত সফটওয়্যারের বাস্তবায়ন করার জন্য ২০২২-২০২৩ অর্থবছরের ৪র্থ প্রান্তিক, এপ্রিল-জুনসহ পরবর্তী প্রান্তিকের সকল প্রশিক্ষণ কোর্সের অনলাইনে রেজিস্ট্রেশন, ক্লাস কনটেন্ট, হ্যান্ডআউট প্রদান ও অন্যান্য কার্যক্রম পরিচালনার লক্ষ্যে সংশ্লিষ্ট কোর্স পরিচালকগণকে জনাব মোঃ শাহীন উদ্দিন, টিচার ট্রেনার-এর সাথে যোগাযোগ করে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো।

(সৈয়দ আহসান হাবীব)

উপপরিচালক (প্রশাসন ও অর্থ)

ফোন: ৫৫১৬৭৫৩৫

সদয় অবগতি ও প্রয়োজনীয় কার্যার্থে অনুলিপি বিতরণ (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

- ১। কর্মকর্তা (সকল), নায়েম, ঢাকা
- ২। জনাব মোঃ শাহীন উদ্দিন, টিচার ট্রেনার, নায়েম, ঢাকা
- ৩। মহাপরিচালকের ব্যক্তিগত সহকারী, নায়েম, ঢাকা (মহাপরিচালক মহোদয়ের সদয় অবগতির জন্য)
- ৪। পরিচালক (প্রশাসন ও অর্থ)-এর ব্যক্তিগত সহকারী, নায়েম, ঢাকা (পরিচালক মহোদয়ের সদয় অবগতির জন্য)
- ৫। অফিস নথি

আইডিয়া শিরোনাম: NAEM Training Management System Application

লক্ষ্য: প্রশিক্ষণ সংশ্লিষ্ট কার্যক্রম (প্রথম থেকে শেষ অবধি অথ্যাং প্রশিক্ষণ কোর্সে নিবন্ধন থেকে সনদ প্রদান পর্যন্ত)

এই সফটওয়্যারের মাধ্যম সম্পন্ন করা।

প্ৰেক্ষাপট:

পূর্ব প্রচলিত পদ্ধতিতে কোর্স কমিটি গঠন, প্রশিক্ষণার্থী মনোনয়নের জন্য আমন্ত্রণপত্র প্রস্তুতকরণ, মাউশি আঞ্চলিক পরিচালক এর নিকট প্রেরণ এবং তাঁর মাধ্যমে জেলা, উপজেলা পর্যায় থেকে মনোনয়ন সংগ্রহ, নির্ধারিত দিবসে নায়েমে রিপোর্ট, কোর্সে রেজিস্ট্রেশন এর মাধ্যমে প্রশিক্ষণ কোর্সের শুরু এবং সূচি অনুযায়ী আনুষঙ্গিক কার্যক্রমসহ মূল্যায়ন ও সনদ প্রস্তুতকরণ – এই সকল কার্যক্রম ম্যানুয়ালি সম্পন্ন করা হত যা সময় ও কষ্টসাধ্য ছিল।

NAEM Training Management System Application এর কার্যক্রমসমূহ:

- ১) প্রশিক্ষণ কোর্স কনফিগার করা হবে যেখানে কোর্স পরিচালনা কমিটি গঠন, বাজেট ও বিভিন্ন খাতে ব্যয় যথাযত ইনপুট প্রদানের মাধ্যমে অটোমেটেড করা যাবে।
- ২) কোর্সে প্রশিক্ষণার্থী মনোনয়ন ও রেজিস্ট্রেশন সহজে নিশ্চিত করা যাবে। ফলে ট্রেনিং এ ওভারল্যাপিং রোধ করা যাবে।
- ৩) প্রশিক্ষণার্থীগণের ব্যাংক অ্যাকাউন্ট সম্পর্কিত তথ্য ছক সহজে প্রস্তুত করা যাবে।
- ৪) অনলাইন উপস্থিতি নিশ্চিত করা যাবে।
- ৫) রেজিস্ট্রেশন তালিকা থেকে প্রশিক্ষণার্থী পরিচিত নম্বর ও প্রয়োজনীয় তথ্যসমূহ ছকে সংরক্ষিত হবে।
- ৬) কোর্স কনটেন্ট আপলোড করা যাবে।
- ৭) কনটেন্ট সংশ্লিষ্ট Resource Person কর্তৃক প্রদত্ত হ্যান্ডআউট ও প্রয়োজনীয় Reading Materials ও Reference Link আপলোড করা যাবে।
- ৮) অনলাইন Pre-test and Post-test গ্রহণ করা যাবে।
- ৯) কোর্সে ধারাবাহিক মূল্যায়নের কার্যক্রম যেমন ক্লাস টেস্ট, অ্যাসাইনমেন্ট প্রদান ও মূল্যায়ন করা যাবে
- ১০) কোর্সের কার্যক্রম শেষে অটোমেটেড মূল্যায়ন হবে।
- ১১) এই মূল্যায়নের প্রেক্ষিতে প্রশিক্ষণার্থীগণের মার্কশিট ও সনদপত্র অটোজেনারেট হবে যা প্রিন্টআউটের মাধ্যমে সংশ্লিষ্ট কর্মকর্তাগণের স্বাক্ষর সন্নিবেশ করে বিতরণ করা যাবে।
- ১২) Certificate এর একটি Unique Identification Number জেনারেট হবে। প্রয়োজনবোধে যে কেউ Unique Identification Number ব্যবহার করে সনদ যাচাই করতে পারবেন।
- ১৩) কোর্স সংশ্লিষ্ট ব্যয়, প্রশিক্ষণার্থীদের ভাতার বিল ও প্রস্তুত হবে। ফলে প্রশিক্ষণার্থীগণের কোর্স শেষে দ্রুত ভাতাদি BIFTN এর মাধ্যমে প্রদান নিশ্চিত করা যাবে।

ফলাফল: প্রশিক্ষণার্থীগণের ডাটাবেজ প্রস্তুত, প্রশিক্ষণ ওভারল্যাপিং রোধ, প্রশিক্ষণ সংশ্লিষ্ট কার্যক্রম সহজীকরণের ফলে অপেক্ষাকৃত কম জনবল ও কম অর্থ ব্যয় করে দ্রুততম সময়ে সকল কার্যক্রম সম্পন্ন করা যাবে।